

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।  
[মুসক-বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]



নথি নং-০৮.০১.০০০০.০৭৬.০৩.০০১.১২ (অংশ-২)

তারিখঃ ০৫/১১/২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়ঃ অনলাইনে দাখিলপত্র, সহগ ঘোষণা ইত্যাদি দাখিলকরণ বিষয়ে স্পষ্টীকরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে যে, অনলাইনে দাখিলপত্র, সহগ ঘোষণা ইত্যাদি দাখিল করার পর কোনো কোনো ক্ষেত্রে ভ্যাট অফিসার কর্তৃক হার্ডকপি চাওয়া হয় যা আইনসম্মত নয়। অনলাইনে দাখিলপত্র, সহগ ঘোষণা ইত্যাদি দাখিল করার পর হার্ডকপি ভ্যাট অফিসে দাখিল করতে হবে না। তাছাড়া, দাখিলপত্র, সহগ ঘোষণা, ট্রেজারি চালান ইত্যাদি ভ্যাট অফিসার কর্তৃক সত্যায়িত করে সংরক্ষণ করার বিধান নেই।

০২। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে (ভ্যাট সার্কেল অফিস) কাগুজে দাখিলপত্র দাখিল করতে চাইলে সার্কেল অফিসের গ্রহণ-প্রেরণ শাখা থেকে রিসিভ করে নিতে হবে। অধিকন্তু, দাখিলপত্র ডাকযোগেও প্রেরণ করা যায়।

০৩। কাগুজে দাখিলপত্র দাখিল করার পরিবর্তে সকলকে অনলাইনে দাখিলপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ

প্রণয় চাকমা

দ্বিতীয় সচিব

মুসক করদাতা সেবা

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.০৩.০০১.১২ (অংশ-২)

/৩৭০(২)

তারিখঃ ০৫/১১/২০২৪

অনুলিপি (কার্যার্থে):

০১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী/ সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা [পত্রটি নিজস্ব কমিশনারেটের ওয়েবসাইটে আপলোডসহ উল্লিখিত নির্দেশনা অধীনস্থ সকল বিভাগীয় ও সার্কেল দপ্তরসমূহে পরিপালন করার প্রয়োজনীয় ব্যবস্থার গ্রহণের অনুরোধসহ]।

০২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।

০৩। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি বিজ্ঞপ্তি আকারে গণমাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।

০৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

০৫। পিএ টু সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

প্রণয় চাকমা

দ্বিতীয় সচিব

মুসক করদাতা সেবা